# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 15 July, 2025

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন আগামী ফেব্রুয়ারির মধ্যে অনুষ্ঠিত হবে।নির্বাচন ঘিরে প্রস্তুতির অংশ হিসেবে মাঠ প্রশাসনে বড় ধরনের রদবদল এনেছে নির্বাচন কমিশন (ইসি)।মঙ্গলবার (১৫ জুলাই) একযোগে ৫১ জন নির্বাচন কর্মকর্তাকে বদলি করেছে সাংবিধানিক সংস্থাটি।

ইসি সচিবালয়ের সিনিয়র সহকারী সচিব মো. শহীদুর রহমান স্বাক্ষরিত প্রজ্ঞাপনে বদলির এ নির্দেশনা দেওয়া হয়।প্রজ্ঞাপনে বলা হয়েছে, বদলি হওয়া কর্মকর্তারা আগামী ২২ জুলাইয়ের মধ্যে বর্তমান কর্মস্থল থেকে অবমুক্ত হবেন।নির্ধারিত সময়ের মধ্যে অবমুক্ত না হলে, ২৩ জুলাই স্বয়ংক্রিয়ভাবে তাৎক্ষণিকভাবে অবমুক্ত হিসেবে গণ্য হবেন।

তবে প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে, পল্লবী থানা নির্বাচন কর্মকর্তা মোসাম্মৎ রাজিয়া সুলতানা, ডেমরা থানা নির্বাচন কর্মকর্তা মো. আহসান হাবীব এবং কুমিল্লার মুরাদনগর উপজেলা নির্বাচন কর্মকর্তা মো. সাহিদ হোসেনের বদলির অংশটুকু সংশোধন করে চূড়ান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

নির্বাচনকে অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ করতে মাঠ প্রশাসনের এ ধরনের পুনর্বিন্যাসকে তাৎপর্যপূর্ণ পদক্ষেপ হিসেবে দেখছেন সংশ্লিষ্টরা।নির্বাচন কমিশনের কর্মকর্তারা জানান, নির্ধারিত সময়ের আগেই সব প্রস্তুতি সম্পন্ন করতে এই বদলির সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

ইসি নির্বাচন নির্বাচন কমিশন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 19:30

URL: https://timestodaybd.com/public/national/4808775807